যুগান্তর

24 OCT 2016
পৃষ্ঠা ৭ কলাম ২

### ফি বৃদ্ধির প্রতিবাদ

# আইডিয়াল স্কুল ও কলেজের তিন শাখায় বিক্ষোভ

**যুগান্তর রিপোর্ট**

আলোচনা ছাড়া টিউশন ফি বাড়ানোর প্রতিবাদে মতিঝিল আইডিয়াল স্কুল ও কলেজের অভিভাবকরা রোববার বিক্ষোভ করেছেন। প্রতিষ্ঠানটির মতিঝিলের প্রধান শাখা, মুগদা এবং বনশ্রী শাখায় এই বিক্ষোভ হয়। এ সময় তারা স্কুলের গেট বন্ধ করে দেন। একই কারণে অভিভাবকরা আজও তিন শাখায়ই বিক্ষোভ এবং মুগদা শাখার সামনে বিশ্বরোড অবরোধের ঘোষণা দিয়েছেন।

আইডিয়াল স্কুল ও কলেজের অভিভাবক ফোরামের চেয়ারম্যান জিয়াউল কবীর দুলু যুগান্তরকে বলেন, স্কুলের ফি বৃদ্ধির ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়ের একটি পরিপত্র আছে। সেটা অনুযায়ী স্কুলের আয়-ব্যয়ের হিসাব দাখিল করে জেলা প্রশাসকের মাধ্যমে ফি বাড়ানো যাবে। কিন্তু পরিপত্রের এই বিধান অনুসরণ করা হয়নি। এ কারণে অভিভাবকরা এর প্রতিবাদ করছেন।

চেয়ারম্যান আরও বলেন, এই প্রতিষ্ঠানটি এর আগে গত বছরের আগস্টে এক দফা ২০০ টাকা টিউশন ফি বাড়িয়েছিল। তখন অভিভাবকদের প্রতিবাদের মুখে ১০০ টাকা কমানো হয়। চার মাসের মাথায় গত জানুয়ারিতে আরেক দফা ফি বাড়িয়েছিল। তখন শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশের মুখে আদায়কৃত ফি সমন্বয় করতে বাধ্য হয়েছিল। কিন্তু কয়েক মাস না যেতেই সরকারি পরিপত্রের নির্দেশনা লংঘন করে আবারও ফি বাড়ানো হয়েছে। আমরা এ ব্যাপারে প্রতিকার চেয়ে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরে আবেদন করেছি। এছাড়া কাল (আজ) অধ্যক্ষ এবং স্কুলের গভর্নিং বডির চেয়ারম্যানের কাছে লিখিত আবেদন জানাব। আমাদের দাবি থাকবে, কিছুতেই আগামী জানুয়ারির আগে ফি বাড়ানো যাবে না। ফি বাড়ানোর আগে অভিভাবকদের সঙ্গে মতবিনিময় করতে হবে। এছাড়া স্কুলের পূর্ণাঙ্গ আয়-ব্যয়ের হিসাব সরকারের কাছে দাখিল করতে হবে।

প্রতিষ্ঠানটির গভর্নিং বডির চেয়ারম্যান হলেন শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. মোল্লা জালালউদ্দিন। এ প্রসঙ্গে কথা বলার জন্য বলতে গিয়ে রোববার তাকে দফতরে পাওয়া যায়নি। প্রতিষ্ঠানের অধ্যক্ষ ড. শাহান আরা বেগম বলেন, বিক্ষোভ করেননি। কয়েকজন অভিভাবক আমাদের কাছে এসে ফি না বাড়াতে দাবি জানিয়ে গেছেন। তিনি বলেন, পরিপত্রে সরকার সর্বোচ্চ ৩০ শতাংশ ফি বাড়াতে বলেছে। একমাত্র আমরাই নিয়ম মেনে এটা করেছি। অভিভাবকদের সঙ্গে মিটিং করে বাড়ানো হয়েছে। হিসাব-নিকাশ দাখিল করেই এটা হয়েছে। বাংলা মাধ্যমে ঘাটতি আছে বলে বাড়িয়েছে, ইংরেজি মাধ্যমে বাড়ায়নি।